রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২৫, ২০১৮

## ৩য় খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**[একই নম্বর ও একই তারিখের স্থলাভিষিক্ত হবে]**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আশ্বিন ১৪২৫/১৭ সেপ্টেম্বর ২০১৮

নং **২৩.০০.০০০০.০৪০.১৩.৩১১.১৮.২৭০**—বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের যোগাযোগ প্রকৌশলী জনাব স্বপন কান্তি ভট্টাচার্য্য-কে সরকারি কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ১২ নং আইন)-এর ৪ ধারা অনুযায়ী ২৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হল এবং তাঁর অনুকূলে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৮ থেকে ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হল।

২। তিনি বিধি অনুযায়ী ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ অবসর এবং অবসর-উত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা তুজ জোহরা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৫/২৩ সেপ্টেম্বর ২০১৮

নং **২৩.০০.০০০০.০৪০.০৮.০৯৭.০৫.২৭৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী ইলেকট্রনিক প্রকৌশলী জনাব মোহাম্মদ মাহ্দি হাসান-এর গত ৫ আগস্ট ২০১৮ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে বি.এস.আর (পার্ট-১) বিধি-৩০০ অনুযায়ী ৫ আগস্ট ২০১৮ তারিখ অপরাহ্ন থেকে সরকারি চাকরি হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

২। বর্তমান কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, উক্ত কর্মচারীর নিকট সরকারের কোনরূপ অর্থ ও দ্রব্য পাওনা নেই। তবে ভবিষ্যতে কোনরূপ অর্থ ও দ্রব্য পাওনা আছে মর্মে পরিলক্ষিত হলে তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা তুজ জোহরা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৭০.১৯.০০৭.১৫.৩২৪**—বাংলাদেশ বিমানবাহিনীর স্কোয়াড্রন লিডার মোঃ একরামুল হক (বিডি/৯২০০), অ্যাডমিন-কে বিমানবাহিনী নির্দেশিকা ১/৯৩-এর নির্দেশ ১(খ) অনুযায়ী অ্যাডমিন শাখা থেকে জিডি (পি) শাখায় পুনরায় স্থানান্তর করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস.এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ আশ্বিন ১৪২৫/১৬ সেপ্টেম্বর ২০১৮

নং **২৩.০০.০০০০.১৮০.১২.০৭৪.১০-৩২৬**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিম্নবর্ণিত ২ (দুই) জন উপপরিচালককে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পঞ্চম গ্রেডের ৪৩০০০-৬৯৮৫০ টাকা বেতনস্কেলে উক্ত সংস্থার সাংগঠনিক কাঠামোভুক্ত অতিরিক্ত পরিচালকের ২ (দুই) টি শূন্যপদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও পরিচিতি নম্বর |
|---|---|
| ১ | জনাব এ বি এম আশরাফুল খায়ের, উপপরিচালক (পরিচিতি নম্বর ০৬৪) |
| ২ | জনাব মোঃ মোস্তফা কামাল উদ্দিন, উপপরিচালক (পরিচিতি নম্বর ০৬৮) |

শর্তাবলি :

(ক) 'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর ৬(১)(খ) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিশ হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিশকাল অনধিক ২(দুই) বছর বৃদ্ধি করতে পারবে;

(খ) শিক্ষানবিশকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে প্রত্যাবর্তন করতে পারবে;

(গ) সন্তোষজনকভাবে শিক্ষানবিশদের মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে উল্লিখিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

২। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফরহাদ হোসেন**
সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫/২৭ সেপ্টেম্বর ২০১৮

নং **২৩.০০.০০০০.০১০.৬২.০০৬.১৬-৩৭০**—সেনাসদরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর ৫১তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সের কমিশন প্রদান সংক্রান্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে ১ অক্টোবর ২০০৬ তারিখে নং ১ক-১/২০০১/ডি-১/১৬৮৬ স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনে ৪৬ নম্বর ক্রমিকে বর্ণিত বিএ-৬৯৬০ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে মেজর) নীলুফার সুলতানা-এর পরিবর্তে বিএ-৬৯৬০ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে মেজর) নিলুফার সুলতানা হিসেবে নাম সংশোধন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ আশরাফ আলী ফারুক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৯.১৮.৩৮৬**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২ এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | লেঃ কমান্ডার মোঃ খোরশেদ আলম,<br>(এল), বিএন (পি নং ৭০৯) | বিকাল<br>১৩-১০-২০১৮ | সকাল<br>১৪-১০-২০১৮ |
| ২ | লেঃ মোঃ মিজানুর রহমান,<br>(এসডি)(রেগ), বিএন (পি নং ১৮৮৫)। | বিকাল<br>২৫-১০-২০১৮ | সকাল<br>২৬-১০-২০১৮ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই মোতাবেক উল্লিখিত কর্মকর্তাগণ প্রত্যেকেই **১২** মাস এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

নং **২৩.০০.০০০০.০৬০.১৩.০০৯.১৮.৩৮৭**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর (এলপিআর ব্যতীত) মঞ্জুর করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ |
|---|---|---|
| ১ | লেঃ কমান্ডার মোহাম্মদ নেজাম উদ্দীন, (সি), বিএন (পি নং ৭৪৯)। | বিকাল<br>৩০-১০-২০১৮ |

২। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। তাঁর নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৩ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৩.০০.০০০০.০৬০.৩৬.০০৪.১৭.৩৯৪**—বাংলাদেশ নৌবাহিনীর স্পেশাল ডিউটি (এসডি) লিস্টভুক্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের চাকরির মেয়াদ নেভী রুল-১২(এ)(১)(এ) অনুযায়ী বিশেষ বিবেচনায় তাঁদের নামের পাশে উল্লিখিতভাবে ০১ (এক) বৎসর বর্ধিত করা হলো :

| ক্রঃ নং | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ (৫৩ বৎসর পর্যন্ত) |
|---|---|---|
| ১ | লেঃ কমান্ডার ঘোষ উত্তম কুমার<br>(এসডি)(আর), বিএন (পি নং ১৭২২) | ৩১ অক্টোবর ২০১৮ তারিখ<br>থেকে ৩০ অক্টোবর ২০১৯ |
| ২ | লেঃ এস, এম, শহিদুল ইসলাম<br>(এসডি)(জি), বিএন (পি নং ১৮৮১) | ১ নভেম্বর ২০১৮ তারিখ<br>থেকে ৩১ অক্টোবর ২০১৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ আবদুল আলীম খান**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ভাদ্র ১৪২৫/১০ সেপ্টেম্বর ২০১৮

নং **২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬.৫৩৯**—নির্দেশক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে 'নোয়াখালী জেলার স্বর্ণদ্বীপ (জাহাইজ্জ্যার চর) এলাকায় নবায়নযোগ্য শক্তি নির্ভর ১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎকেন্দ্র স্থাপন (২য় ধাপ)' শীর্ষক প্রকল্পের পরিচালক হিসেবে বিএ-৫৮৯২ লেঃ কর্নেল মোহাম্মদ কামাল পাশা, পিএসসি-এর পরিবর্তে বিএ-৬৪২৩ লেঃ কর্নেল মোঃ মাহবুব আলম, পিএসসি, অধিনায়ক, ৩১ বীর-কে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে উক্ত প্রকল্পের 'প্রকল্প পরিচালক' হিসেবে নিয়োগ প্রদান করা হলো। তিনি বিধি মোতাবেক অতিরিক্ত দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিফাত মোঃ ইশতিয়াক ভূঁইয়া**
সহকারী প্রধান।